সংবাদ সম্মেলন

আগামীকাল থেকে শুরু হচ্ছে চসিক এর
জীববৈচিত্র্য জরিপ ও সংরক্ষণ পাইলট প্রকল্প

৪ অক্টোবর ২০১৮

জীববৈচিত্র্য জরিপ ও সংরক্ষণ পাইলট প্রকল্প-২০১৮ শুরু করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। আগামীকাল শুক্রবার সকাল ৯ টায় নগরীর শুলকবহর ওয়ার্ডে এই পাইলট প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কার্যক্রমের উদ্বোধন করবেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রাথমিক পর্যায়ে পাইলট প্রকল্প হিসেবে শুলকবহর ওয়ার্ডকে সমীক্ষার জন্য নির্ধারণ করেছে। যা পর্যায়ক্রমে নগরীর সব ওয়ার্ডে করা হবে। আজ বৃহস্পতিবার দুপুরে নগর ভবনের সম্মেলন কক্ষে চসিক আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। সংবাদ সম্মেলনে মেয়র আ জ ম নাছির উদ্দীন উপস্থিত ছিলেন। জীববৈচিত্র্য জরিপ ও সংরক্ষণ পাইলট প্রকল্পটি পরিচালনা করবে বায়োডাইভার্সিটি রিসার্চ গ্রুপ অব বাংলাদেশ (বিএফজিবি)। সংবাদ সম্মেলনে এ প্রকল্পের সার্বিক বিষয় নিয়ে লিখিত বক্তব্য উপস্থাপন করেন বিএফজিবি'র চেয়ারম্যান অধ্যাপক ড.বদরুল আমিন ভূঁইয়া। অনুষ্ঠানে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান প্রকৌশলী লে.কর্ণেল মহিউদ্দিন আহমেদ, নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিমসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন। বিএফজিবি'র চেয়ারম্যানের বক্তব্যে জানা যায় এ প্রকল্পে সহযোগী হিসেবে কাজ করবে অধ্যাপক ড.আমিন উদ্দিন মৃধা, অধ্যাপক ড. মোস্তফা কামাল পাশা, অধ্যাপক ড.মোহাম্মদ কামাল হোসাইন,অধ্যাপক ড. মো. ইসমাইল মিয়া, অধ্যাপক নোমান আহমেদ সিদ্দিকী, অধ্যাপক ড.এম মারুফ হোসেন, অধ্যাপক ড. এম জুনায়েত সিদ্দিকী, ড. শেখ আবদুল মান্নান, ড.মাহমুদা বেগম, সন্তোষ মজুমদার এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গবেষণায় অভিজ্ঞ কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী। সংবাদ সম্মেলনে শুকলবহর ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ মোরশেদ আলম উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে জানানো হয় একটি শহরে নাগরিকদের ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ সুন্দরভাবে বেঁচে থাকা ও বেড়ে উঠার জন্য জীববৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশকে টেকসইরাখা অত্যন্ত জরুরী। আর এজন্য শহরবাসীকে সচেতন রাখা প্রয়োজন। তাই নগরীর জীববৈচিত্র্যের গুরুত্ব অনুধাবন করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এ সমীক্ষা পরিচালনার জন্য বিআরজিবিকে দায়িত্ব দিয়েছে। এ জরিপ ও সংরক্ষণ পাইলট প্রকল্পের মাধ্যমে চট্টগ্রাম নগরীতে কি পরিমান গাছ-পালা,পশু-পাখিসহ বিভিন্ন ধরনের প্রাণীর সংখ্যা, এলাকার জনসংখ্যা অনুপাতে গাছপালা,পশুপাখি সহ বিভিন্ন ধরনের প্রাণীর ভারসাম্য কতটুকু তা জানা যাবে। এতে করে কোনটির অভাবে কোন সমস্যার সৃষ্টি হচ্ছে তা নির্ণয় করে তা সহজেই সমাধান করা যাবে। নগরীর এই সমীক্ষা কার্যক্রম আগামী ডিসেম্বরে সম্পন্ন হবে বলে অধ্যাপক ড.বদরুল আমিন ভূঁইয়া সংবাদ সম্মেলনে উল্লেখ করেন।

সংবাদ সম্মেলনে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন এ পাইলট প্রকল্পের উপর ভিত্তি করে পরবর্তীতে পুরো শহরের জীববৈচিত্র্য জরীপের পরিকল্পনা নেয়া হবে। তিনি বলেন এ ধরনের জরিপ

কার্যক্রমের প্রয়োজনীয়তা রয়েছে। পাহাড়-বৃক্ষ-পুকুর-প্রাণীর প্রয়োজনীয়তা সচেতনতার কারনে মানুষ উপলব্ধি করতে পারছে না। জরিপ কার্যক্রমের প্রাপ্ত তথ্যের পরিসংখ্যান থেকে নগরের সমস্যা চিহ্নিত করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন কাজের পরিকল্পনা গ্রহণ সহজ হবে বলে তিনি উল্লেখ করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জীববৈচিত্র্য জরিপ সংরক্ষণ নিয়ে যে পাইলট প্রকল্প গ্রহণ করেছে, এ ধরনের কোন উদ্যোগ দেশের কোন সিটি কর্পোরেশন নেয়নি বলে মেয়র উল্লেখ করেন। মেয়র এ জরিপ কার্যক্রম দেশের অপরাপর সিটি কর্পোরেশনের অনন্য দৃষ্ঠান্ত হয়ে থাকবে। তিনি বলেন সিটি কর্পোরেশন আর্থিক সীমাবদ্ধতার কারনে আপতত পাইলট প্রকল্পটি শুলকবহর ওয়ার্ডে শুরু হবে তা পরবর্তীতে সব ওয়ার্ডে চলবে।

অনুষ্ঠানে শুলকবহর ওয়ার্ড কাউন্সিলর মোরশেদ তার বক্তব্যে এই গবেষনা কর্মের জন্য তার ওয়ার্ডকে বেছে নেয়ার জন্য সিটি মেয়রকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন এই ওয়ার্ডটি নগরীর জনবহুল এলাকা। এই ওয়ার্ডে পাহাড়,জলাশয়,পুকুর,গাছপালা,নালা নর্দমা বিদ্যমান। তিনি এই জরীপ কার্যক্রমকে সফল করার জন্য সংশ্লিষ্টদের সকল ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদের নবীণ বরণ ও আলোচনা সভায় মাননীয় মেয়র

৪ অক্টোবর ২০১৮

মাননীয় মেয়র আ জ ম নাছি উদ্দীন বলেছেন আইনজীবিরা সমাজের অগ্রসর ও সচেতন মানুষ। জাতীয় রাজস্ব আহরনে কর আইনজীবিরা মূখ্য ভূমিকা পালন করে থাকে। অর্থ আইনের মত জটিল বিষয়কে করদাতাদের কাছে সহজবোধ্য করে জাতীয় রাজস্ব আদায়ে যোগসূত্র হিসেবে দায়িত্ব পালন করে। তিনি নবীন কর আইনজীবিদের অগ্রজদের পদাঙ্ক অনুসরন করে কর আইনে দক্ষতা অর্জন,সততা ও ন্যায়পরায়নতার মধ্য দিয়ে নিজেদের প্রস্ফুটিত করে সরকারি রাজস্ব আদায় ও করদাতাদের কর প্রদানে উদ্বুদ্ধ করার আহবান জানান। গতকাল বুধবার রাতে স্থানীয় কমিউনিটি সেন্টারে সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদের নবীণ বরণ ও আলোচনা সভায় মেয়র এ আহবান জানান। সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদের সভাপতি এড.এম.এ বাশার তালুকদারের সভাপতিত্বে ও মো. শাহাদাত হোসেনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির সভাপতি এড. শেখ ইফতেখার সাইমুল চৌধুরী। এতে বক্তব্য রাখেন চট্টগ্রাম বারের সাবেক সভাপতি এড. মুজিবুল হক, আলহাজ্ব মো. ইউনুছ, মো. ইদ্রিস, আবদুল মালেক, বদিউজ্জামান, আখতার উদ্দিন, কে এম জয়নাল আবেদীন, নুরুল কায়সার বেলাল, নবীন দের পক্ষে আবদুল্লাহ আল হাসান, মামুনুর রশিদ, মাঈনুল আমিন সহ অন্যরা। অনুষ্ঠানে অতিথিদের ক্রেষ্ট প্রদান, ফুলদিয়ে নবীন কর আইনজীবিদের বরণ,ম্যাগাজিন “সমন্বয়”এর মোড়ক উম্মোচন ও ২০১৯ সনের মো. এনায়েত উল্লাহ ও আনিসুর রহমান প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেন মেয়র ।

অসুস্থ আওয়ামীলীগ নেতা মো. একরামুল হককে
দেখতে গেলেন মাননীয় মেয়র

৪ অক্টোবর ২০১৮

২৮ নং পাঠানটুলি ওয়ার্ড আওয়ামীলীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক অসুস্থ মো. একরামুল হককে গতকাল বুধবার রাতে তার বাসভবনে দেখতে যান এাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি অসুস্থ মো. একরামুল হকের চিকিৎসার খোজ খবর নেন। মেয়র তার পরিবারের সদস্যদের সাথে কথা বলেন এবং একরামুল হকের চিকিৎসার জন্য সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। এ সময় বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, মহানগর আওয়ামীলীগ নেতা আলহাজ্ব   বেলাল আহমদ, কাউন্সিলর এম এ কাদের, হাজী ইকবাল দোভাষ, সাবেক মহিলা কমিশনার নুর জাহান বেগম, মোহাম্মদ হোসেন, আবদুর রহিম রাজু, যুবলীগ নেতা মো. লোকমান, এম এ হাই রুবেল, ছাত্রলীগ নেতা কাজল,সাইমুন সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চসিক ড্রাইভার জয়নাল আবদীন এর
নামাজে জানাযায় মাননীয় মেয়র

৪ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ড্রাইভার জয়নাল আবদীন গতকাল বিকেলে কর্মরত অবস্থায় মৃত্যু বরণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী,দুই ছেলে ও এক মেয়ে সহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে যান। আজ বৃহস্পতিবার সকালে জমিয়তুল ফালাহ মসজিদে তার নামাজে জানাযা অনুষ্ঠিত হয়। এতে এাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন এবং কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো.সামসুদ্দোহা সহ কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন। মেয়র জয়নাল আবেদীনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তার পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপণ করেন এবং বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। এদিকে এাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন মরহুম জয়নাল আবেদীনের স্ত্রীকে নগদ ২ লক্ষ টাকার চেক প্রদান করে তার স্ত্রীকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত অপর্ণাচরণ বালিকা উচ্চ বিদ্যালয়ে আয়া পদে চাকুরীতে নিয়োগ দান এবং তার দুই ছেলের লেখা-পড়ার দায়িত্ব গ্রহণ করলেন মেয়র।

চসিককে রাস্তা কাটা বাবদ ৪ কোটি ৪৭ লক্ষ ৪৩ হাজার ৫ শত ৯৮ টাকা পরিশোধ করল চট্টগ্রাম ওয়াসা

৪ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে পানি সরবরাহ স্বাভাবিক করার লক্ষ্যে নগরীর বিভিন্ন এলাকায় রাস্তা কাটা বাবদ ৪ কোটি ৪৭ লক্ষ ৪৩ হাজার ৫ শত ৯৮ টাকা পরিশোধ করেছে চট্টগ্রাম ওয়াসা। আজ বৃহস্পতিবার বিকেলে মেয়র দপ্তরে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর হাতে এ টাকার পে-অর্ডার হস্তান্তর করেন চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহাসহ ওয়াসার উপ ব্যবস্থাপনা পরিচালক গোলাম হোসেন, সচিব শামীম সোহেল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মাকসুদ আলম ও মো. আরিফুল ইসলাম সহ কর্পোরেশনে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য চট্টগ্রাম ওয়াসার উদ্যোগে পাইপ লাইন স্থাপনের জন্য শহরের বিভিন্ন এলাকায় রাস্তা কাটা হয়। এসকল রাস্তা ওয়াসার কাজ শেষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেরামত করবে।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা